রোহিঙ্গাদের মানবিক বিপর্যয় এবং তাদেরকে সহায়তার সমন্বয় বিষয়ে কক্সবাজার জেলায় কর্মরত এনজিওদের মতবিনিময় সভার প্রতিবেদন

স্থান: কোস্ট, কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র
তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০১৭ খ্রি.
সময়: সকাল ১০.৩০টা

১৩ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ মঙ্গলবার সকাল ১০.৩০ টায় কক্সবাজার শহরের কলাতলীস্থ কোস্ট কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্রে রোহিঙ্গাদের মানবিক বিপর্যয় ও তাদেরকে সহায়তার সমন্বয় বিষয়ে কক্সবাজার জেলায় কর্মরত এনজিওদের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক জনাব রেজাউল করিম চৌধুরী এর সভাপতিত্বে এই সভাটি অনুষ্ঠিত হয়।

এনজিও সমন্বয় সভা। তারিখ: ১৩ সেপ্টেম্বর ২০১৭। স্থান: কোস্ট আঞ্চলিক কার্যালয়, কলাতলী, কক্সবাজার

সভায় যারা উপস্থিত ছিলেন

ক্রমিক নং	নাম ও পদবী	ক্রমিক নং	নাম ও পদবী
০১	রেজাউল করিম চৌধুরী, নির্বাহী পরিচালক, কোস্ট ট্রাস্ট	০৮	মকবুল আহমেদ, ডিস্ট্রিক্ট টিম লিডার, সিএফটিএম, কোস্ট ট্রাস্ট
০২	আকলিমা খাতুন, পরিচালক, গণস্বাস্থ্য কেন্দ্র	০৯	তারিক সাঈদ হারুন,সহকারী পরিচালক, কোস্ট ট্রাস্ট
০৩	হীরা বণিক, প্রকল্প সমন্বয়কারী, মুক্তি কক্সবাজার	১০	শাহীনুর ইসলাম, মনিটরিং অফিসার, সিডস প্রকল্প
০৪	আবিদুর রহমান, কর্মসূচি সমন্বয়কারী, পাল্‌স কক্সবাজার	১১	জাহাঙ্গীর আলম, প্রকল্প ব্যবস্থাপক-সিডস
০৫	মো: ওমর সাদেক, আউটরীচ কোঅর্ডিনেটর, ইপসা	১২	ফজলুল কাদের চৌধুরী, প্রধান নির্বাহী নির্বাহী, গ্রীন কক্সবাজার, ও সম্পাদক, রূপালী সৈকত
০৬	ছালামত উল্লাহ খান, এরিয়ার ম্যানেজার, রিক কক্সবাজার	১৩	লেভিন আহমেদ, পি এইচ ডি রিসার্চ স্কলার, জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়, দিল্লী
০৭	সাহেল সানজিদ, প্রকল্প সমন্বয়কারী, রিক কক্সবাজার		

আলোচ্য বিষয় সমূহঃ

১. সভার উদ্দেশ্যে ব্যাখ্যা
২. রোহিঙ্গাদের মানবিক বিপর্যয় বিষয়ে তথ্য বিনিময়
৩. এনজিও সম্পর্কিত সরকারী উর্ধ্বতন কারো আগমন উপলক্ষে অগ্রীম পরিকল্পনা গ্রহণ
৪. আন্তর্জাতিক এনজিওগুলোর কার্যক্রমে স্থানীয় এনজিওদের অংশগ্রহণ নিশ্চিতকরণ
৫. জেলা প্রশাসনের এনজিও সমন্বয় সভার পুর্বে এনজিওগুলোর সমন্বয়সভা আহবান করে প্রস্তুতি ও করণীয় নির্ধারণ
৬. এনজিওদের জন্য তথ্য ফরমেট তৈরি করা
৭. কোস্ট রিলিপ এসেসমেন্ট উপস্থাপন
৮. সকল এনজিও প্রতিনিধিদের আগামী সভার তারখি নির্ধারণ ও উপস্থিতি নিশ্চিত করা।
৯. কক্সবাজার জেলার এনজিও-দের গ্রুপ ই-মেইল তৈরি করা।
১০. উখিয়া ও টেকনাফ উপজেলায় রোহিঙ্গা শিশু, কিশোরী ও নারীদের সম্ভ্রম রক্ষার জন্য প্রচারমূলক কাজ করা।
১১. রোহিঙ্গাদেরকে সংরক্ষিত এলাকায় নিবন্ধন করে রাখা।
১২. বিবিধ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	সময়সীমা	দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি
	সভার উদ্দেশ্যে ব্যাখ্যা	সভার সভাপতি কোস্ট ট্রাস্ট-এর নির্বাহী পরিচালক জনাব রেজাউল করিম চৌধুরী সভার শুরুতে সভার লক্ষ্য এবং উদ্দেশ্য সম্পর্কে ব্যাখ্যা করেন। তিনি তার বক্তব্যে বলেন, রোহিঙ্গাদের মানবিক সহায়তা প্রদান উপলক্ষে স্থানীয় এনজিওদের একত্রিত হয়ে কাজ করা খুবই প্রয়োজন। কে কি কাজ করছে, এবং কার কি পরিকল্পনা, এবং একই কাজ কেউ একই এলাকায় করছে কিনা তা জানার জন্য সমন্বয়সভার কোন বিকল্প নাই। নিজেদের মধ্যে যোগাযোগ রক্ষা করা এবং তথ্য বিনিময় করার জন্য এবং কাজের সমন্বয়সাধন করার জন্য নিজেরা একত্রে বসার প্রয়োজন রয়েছে। স্থানীয় এনজিওদের মধ্যে নিজেদের সম্পর্ককে আরো বেশী ঘনিষ্ট ও মজবুত করার জন্য এবং বিশেষ করে রোহিঙ্গাদের মানবিক সহায়তা প্রদান উপলক্ষে তাদের কাজের সমন্বয়সাধন করার বিষয়টি গুরুত্ব দেওয়ার জন্য এই সভা আহবান করা হয়েছে। এর ফলে সরকারী প্রশাসনের কাজে সহায়তা করতে সুবিধা হবে। সভায় উপস্থিত সকলে নিজেদের মতামত ও অভিজ্ঞতা তুলে ধরেন। সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত প্রস্তাবাবলী গৃহীত হয়।		
১	সকল লোকাল এনজিও ফোকাল পার্সনদের উপস্থিতি নিশ্চিত করা	আগামীতে এই ধরনের সভা চলমান থাকবে। কক্সবাজার জেলায় কর্মরত সকল এনজিওদের ফোকাল পার্সনদের সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য সভায় সকলের প্রতি আহবান জানানো হয়।	চলমান	সকল দায়িত্বরত এনজিও ফোকাল পার্সন

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	সময়সীমা	দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি
২	তথ্য বিনিময়	নিজেদের মধ্যে তথ্য বিনিময় করা খুবই গুরুত্বপুর্ণ কাজ। ভবিষ্যতে এই ধরনের সভায় এনজিওগুলো কে কি কাজ করছে, কোথায় কাজ করছে এবং কোন প্রক্রিয়ায় করছে এবং কাজ করতে গিয়ে কোন অসুবিধার সম্মুখীন হচ্ছে কিনা প্রভৃতি পরস্পরের সাথে তথ্য বিনিময় করা প্রয়োজন। এতে পরস্পর পরস্পরের কাজ সম্পর্কে আরো বেশি বিস্তারিকভাবে জানতে পারবে।	চলমান	সকল দায়িত্বরত এনজিও ফোকাল পার্সন
৩	এনজিও বিষয়ক সরকারী-বেসরকারী কোন কর্মকর্তা এলে নিজেদের মধ্যে দায়িত্ব বন্টন করে নেওয়ার পরিকল্পনা গ্রহণ	এনজিও বিষয়ক ব্যুরো থেকে বা এনজিও কার্যক্রম পরিদর্শনের জন্য বিভিন্ন সময় বিভিন্ন কর্মকর্তা কক্সবাজারে আসেন। অনেক সময় দেখা যায় নিজেদের মধ্যে সমন্বয় না থাকার কারনে কাজের শৃঙ্খলা থাকে না এবং একই দায়িত্ব সবাই পালন করতে চায় যার ফলে আমাদের মধ্যে সমন্বয়হীনতা দেখা দেয়। আগামীতে এই ধরনের পরিস্থিতিতে কে কি দায়িত্ব পালন করবে তা যদি অগ্রীম পরিকল্পনা গ্রহণ করে নেওয়া যায় তাহলে আমাদের সকলের জন্য ভাল হয় এবং কাজটিও সুসম্পন্ন হবে।।	চলমান	সকল দায়িত্বরত এনজিও ফোকাল পার্সন
৪	বিভিন্ন আইএনজিও গুলোর সভাগুলোতে লোকাল এনজিও এর অংশগ্রহণ	বিভিন্ন আইএনজিওগুলোর সভাগুলোতে স্থানীয় এনজিও এর অংশগ্রহণ প্রয়োজন। তাদের সাথে স্থানীয় এনজিওগুলোর সমন্বয় যত বৃদ্ধি পাবে স্থানীয় এনজিওগুলো ততবেশী শক্তিশালী হবে এবং সকলের কাজ সম্পর্কে সকলে অবহিত হতে পারবে।	চলমান	সকল দায়িত্বরত এনজিও ফোকাল পার্সন
৫	জেলা প্রশাসনের সমন্বয় সভার পুর্বে নিজেদের মধ্যে প্রস্তুতি সভার আয়োজন	প্রতিমাসে জেলা প্রশাসনের সমন্বয় সভার আগে নিজেদের মধ্যে একটি প্রস্তুতি সভা ডাকা প্রয়োজন। সে ক্ষেত্রে যে কোন বিষয়ে জেলা প্রশাসনের সাথে সহজে আলোচনা করা যাবে। কোনো এনজিও-এর কোনো অসুবিধা থাকলে তা কিভাবে উথাপন করা হবে তা পুর্বে নিধারণ করা যাবে। বিশেষ করে উপজেলা অফিস থেকে এনজিও-দের সার্টিফিকেট গ্রহণ কাজে কোনো কোনো সময়ে বিলম্বিত হয় এবং সহজে সার্টিফিকেট পাওয়া যায় না। এক্ষেত্রে বাধা অপসারণের জন্য সকলের সম্মিলিত উদ্যোগ ও পরামর্শ গ্রহণ প্রয়োজন।	চলমান	সকল দায়িত্বরত এনজিও ফোকাল পার্সন
৬	পরবর্তী সমন্বয় সভা ২০ সেপ্টেম্বর ২০১৭	জেলায় কর্মরত এনজিওদের পরবর্তী সমন্বয় সভা আগামী ২০ সেপ্টেম্বর ২০১৭ খ্রি: সকাল ১০.৩০ মিনিটে কলাতলীস্থ কোস্ট ট্রাস্ট-এর কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরবতী সভায় স্থানীয় এনজিও-দের সমন্বয় কার্যক্রম প্রক্রিয়া নিয়ে আলোচনা হবে। সভায় কক্সবাজার জেলায় কর্মরত সকল এনজিও-র ফোকাল পার্সনকে উপস্থিত হতে অনুরোধ করা হয়।	২০ সেপ্টেম্বর ২০১৭	সকল দায়িত্বরত এনজিও ফোকাল পার্সন
৭	ফরমেট ডেভলাপ করা	কোস্ট ট্রাস্ট একটি সহজ ফরমেট তৈরি করবে। যেখানে স্ব স্ব এনজিওদের কার্যক্রম, কার্যক্রমের এলাকা, ভবিষ্যত পরিকল্পনা প্রভৃতি থাকবে। আগামী ২০ সেপ্টেম্বরের সভার আমন্ত্রণ চিঠির সাথে এই ফরমেট সকলের কাছে ই-মেইলে প্রেরণ করা হবে।	২০সেপ্টেম্বর ২০১৭ খ্রি তারিখের পুর্বে	মকবুল আহমেদ, কোস্ট ট্রাস্ট

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	সময়সীমা	দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি
৮	কোস্ট এসেসমেন্ট শেয়ারিং	সম্প্রতি আগত তিন লক্ষ রোহিঙ্গাদের একমাসের খাবার, টিউবওয়েল এবং টয়লেট, বিশুদ্ধ খাবার পানির ক্ষেত্রে কত টাকা প্রয়োজন হবে তার উপর একটি আনুমানিক চাহিদা প্রতিবেদন তৈরী করেছে কোস্ট ট্রাস্ট। উপস্থিত সকলের সম্মুখে কোস্ট ট্রাস্টের সহকারী পরিচালক জনাব তারিক সাঈদ হারুন তা উপস্থাপন করেন।	চলমান	
৯	গ্রুফ ইমেইল তৈরী করা	সভায় কক্সবাজারে কর্মরত সকল এনজিও অফিসের ফোকাল পার্সনদের নিয়ে একটি গ্রুপ ই-মেইল তৈরি করার সিদ্ধান্ত গ্রহীত হয়। কোস্ট ট্রাস্টের আইটি বিভাগের কর্মকর্তা তৌহিদুল আলম উক্ত গ্রুপ ই-মেইল তৈরি করার কাজ করবেন।	৩০সেপ্টেম্বর ২০১৭ খ্রি:	তৌহিদুল আলম
১০	স্থানীয়ভাবে প্রচারমূলক সভার আয়োজন	সভার সভাপতি জনাব রেজাউল করিম চৌধুরী বলেন, আমাদের মনে রাখতে হবে, রোহিঙ্গারা মায়নমার সরকারী সশস্ত্র বাহিনীর হাতে নির্যাতিত হয়ে এদেশে শরণার্থী হয়ে এসেছেন, তাদেরকে খাদ্য-চিকিৎসা-বাসস্থান প্রভৃতি সহায়তার পাশপাশি তাদের মান-সম্ভ্রম রক্ষা করাও এখন আমাদের দায়িত্ব হয়ে পড়েছে। তিনি বলেন, আগত রোহিঙ্গাদের মধ্যে শিশু, কিশোরী এবং নারীরা সবচেয়ে দুরবস্থায় পতিত। তাদের সাথে কেউ যেন অশালীন ও হয়রানীমূলক কর্মকান্ড করতে না পারে সে বিষয়ে স্থানীয় পর্যায়ে বিভিন্ন এলাকার সিভিল সোসাইটির নেতা ও বিভিন্ন স্তরের জনগণের সাথে প্রচারমূলক সভার আয়োজন করতে হবে।	চলমান	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ও সংগঠন
১১	রোহিঙ্গাদেরকে নিবন্ধিত করে সংরক্ষিত এলাকায় রাখা	গ্রীন কক্সবাজার-এর নির্বাহী প্রধান ও দৈনিক রূপালী সৈকত-এর সম্পাদক জনাব ফজলুল কাদের চৌধুরী রোহিঙ্গাদের বিষয়ে আরো কিছু গুরুত্বপূর্ণ প্রস্তাব সভায় তুলে করেন, তা নিম্নরূপ: -রোহিঙ্গাদেরকে নিজ দেশে ফিরিয়ে নেওয়ার জন্য সরকারের আলোচনা আন্তর্জাতিক পর্যায়ে অব্যাহত রাখতে হবে। - সীমান্তে কাটাঁ তারের বেড়াঁ দেওয়ার জন্য সরকারের কাছে দাবি তুলে ধরতে হবে। - আগত রোহিঙ্গাদেরকে একটি নির্দিষ্ট ও সংরক্ষিত ক্যাম্প এলাকায় নিবন্ধিত করে রাখতে হবে যাতে তারা ক্যাম্পের বাইরে স্থানীয় জনগণের সাথে মিশে যেতে না পারে।	চলমান	সরকারী প্রশাসন

সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং পরবর্তী ২০ শে সেপ্টেম্বর তারিখের সভায় যোগদানের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

প্রতিবেদন প্রস্তুতকারী

জাহাঙ্গীর আলম
প্রকল্প ব্যবস্থাপক-সিডস।
কক্সবাজার।

রেজাউল করিম চৌধুরী
নির্বাহী পরিচালক
কোস্ট ট্রাস্ট